



ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধর্মপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০৩৩৯০৩, ৮৮০৩৭৩৫৭, ৮৮০৩৬৯৪২
ওয়েব সাইট: www.dcc.edu.bd ই-মেইল: cdhakacommercecollege@yahoo.com

স্মারক নং: ঢাকক-

তারিখ: ২৭/০৪/২০২৫

জরুরি নির্দেশনা

একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, গত ১৩ এপ্রিল ২০২৫ তারিখ থেকে ঢাকা কমার্স কলেজে বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেম চালু হয়েছে। শিক্ষার্থীদের বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেম চালু হওয়ার পর থেকে কয়েকটি বিষয় লক্ষ করা যাচ্ছে। এ কারণে শিক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি সতর্ক থাকার নির্দেশ দেওয়া হচ্ছে:

- (১) অনেক শিক্ষার্থী সকাল ৮টার মধ্যে বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিচ্ছে না। কিংবা অনেকেই সকাল ৮টার পর অ্যাটেনডেন্স দিচ্ছে। যার ফলে ঐ সকল শিক্ষার্থী ঐ দিনে অনুপস্থিত বলে গণ্য হচ্ছে। এ কারণে শিক্ষার্থীদের অবশ্যই সকাল ৮টার মধ্যে বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিতে হবে।
- (২) যাদের তথ্যবিভ্রাট এর কারণে এখনো অ্যাটেনডেন্স ইনপুট দেওয়া সম্ভব হচ্ছে না তারা আজ কলেজ ছুটির পর বিজ্ঞান ভবনের ১০১ নং কক্ষে যোগাযোগ করবে।
- (৩) যান্ত্রিক ত্রুটির কারণে বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে ফেস রিকগনেশন না করলে ঐ শিক্ষার্থী তাৎক্ষণিক তার উপদেষ্টার সঙ্গে যোগাযোগ করবে।
- (৪) তথ্যবিভ্রাট-যেমন ছবি ও রোলে অসামঞ্জস্য বা অন্য কোনো কারণে কখনো বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিতে সমস্যা হলে সে ঐ দিনই বিজ্ঞান ভবনের ১০১ নং কক্ষে যোগাযোগ করবে।
- (৫) বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে ফেস রিকগনেশনের পর ফিঙ্গারপ্রিন্ট রিকগনেশনের প্রয়োজন নেই। যদি কারো ফেস রিকগনেশন না হয়, সেক্ষেত্রে সে ফিঙ্গারপ্রিন্ট রিকগনেশনের মাধ্যমে অ্যাটেনডেন্স দিবে।
- (৬) একজন শিক্ষার্থী এক দিনে একাধিকবার অ্যাটেনডেন্স দিতে পারবে না। একই দিনে একাধিকবার অ্যাটেনডেন্স দিলে সেক্ষেত্রে তা অনুপস্থিত হিসেবে গণ্য হবে।
- (৭) শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিবে। উল্লেখ্য, প্রত্যেকটি বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইস এরিয়া ক্লোজ সার্কিট ক্যামেরার আওতাধীন। কোনো শিক্ষার্থীর দ্বারা কোনো বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইস ক্ষতিগ্রস্ত হলে তার দায়ভার সংশ্লিষ্ট শিক্ষার্থীকেই বহন করতে হবে।
- (৮) শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ সোমবার থেকে শ্রেণিকক্ষে হাজিরা খাতায় উপস্থিতি নেওয়া বন্ধ হয়ে যাচ্ছে। ঐ দিন থেকে শিক্ষার্থীরা শুধু বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিবে। বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে অ্যাটেনডেন্স দিতে ব্যর্থ হলে ঐ দিন ঐ শিক্ষার্থী অনুপস্থিত হিসেবে গণ্য হবে।
- (৯) শিক্ষার্থীদের বিশেষভাবে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে যে, মাসে ৩ দিন ক্লাসে অনুপস্থিতির কারণে কলেজের বিধি মোতাবেক জরিমানা ও ভর্তি বাতিল সংক্রান্ত আগের বিধি বলবৎ থাকবে এবং জরিমানা ও ভর্তি বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিক্ষার্থীদের উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে নির্দেশ দেওয়া যাচ্ছে।


অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

অনুমোদিত ও প্রমাণিত কার্যার্থে অনুলিপি প্রেরণ :